

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১০/২০১৬

অভিযোগকারী : জনাব রিয়াজ মোর্শেদ মাসুদ
পিতা-আলী আজম
ছফুরা ম্যানশন ৩য় তলা
নশরতপুর, পোঃ-লাকসাম
উপজেলা-লাকসাম, কুমিল্লা।

প্রতিপক্ষ : ডাঃ মোঃ মজিবুর রহমান
উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
লাকসাম, কুমিল্লা।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১১-০২-২০১৬ ইং)

অভিযোগকারী জনাব রিয়াজ মোর্শেদ মাসুদ ০৮-১১-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে ডাঃ মোঃ মজিবুর রহমান, উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), লাকসাম, কুমিল্লা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

১. গত ৩০/০৬/২০১৪ ইং তারিখ থেকে ২০/০৯/২০১৫ ইং তারিখ পর্যন্ত যে সকল রোগীদের ভর্তি দিয়ে সার্ভিস দেওয়া হয়েছে, তাদের নাম, ঠিকানা পাওয়ার জন্য আবেদন।
২. ১০/০৯/২০১৫ ইং তারিখে ভর্তি রোগী মোঃ হানিফ মিয়া, পিতা-মনিরুল হক, সাং-সিংহরিয়া, উপজেলা-কুমিল্লা সদর দক্ষিণ, কতদিন ভর্তি ছিল, তা লিখিত আকারে পাওয়ার জন্য আবেদন।
৩. আপনার অধীনে যে সকল কর্মকর্তা ও কর্মচারী রয়েছে তাদের নাম, পদবী ও মোবাইল নম্বর পাওয়ার জন্য আবেদন।

০২। আবেদনের প্রেক্ষিতে ডাঃ মোঃ মজিবুর রহমান, উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), লাকসাম, কুমিল্লা ০৯-১১-২০১৫ তারিখে উঃস্বঃকম/লাক/ শা-১/২০১৫/১২৫৫ নং স্মারকে বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যা এপ্রিল ৬, ২০০৯ এর ৭ (জ), (ঠ), ৮ এর (ই), (ঈ) পরিপন্থি বিধায় এ ব্যাপারে আপনাকে তথ্য দেওয়া গেল না মর্মে অভিযোগকারীকে জানান। প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ০৭-১২-২০১৫ তারিখে ডাঃ মজিবুর রহমান, সিভিল সার্জন ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), সিভিল সার্জনের কার্যালয়, কুমিল্লা বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০৪-০১-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

০৩। বিষয়টি কমিশনের ১৮-০১-২০১৬ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১১-০২-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব রিয়াজ মোর্শেদ মাসুদ হাজির। প্রতিপক্ষ ডাঃ মোঃ মজিবুর রহমান, উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), লাকসাম, কুমিল্লা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্যাদি চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে আপীল কর্তৃপক্ষ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে কমিশনে অভিযোগ দায়ের করেন। পরবর্তীতে তিনি আংশিক তথ্য পেয়েছেন এবং অবশিষ্ট তথ্য দেয়ার আশ্বাস দেওয়া হয়েছে।

(অ: পৃ: দ্র:)

০৫। প্রতিপক্ষ উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), লাকসাম, কুমিল্লা তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীকে তার প্রার্থিত আংশিক তথ্য সরবরাহ করা হয়েছে। অবশিষ্ট তথ্য প্রস্তুত করতে কিছুটা সময় লাগবে। তবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থিত অবশিষ্ট তথ্য সরবরাহের নিশ্চয়তা প্রদান করেন।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে তার প্রার্থিত আংশিক তথ্য সরবরাহ করেছেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে তার প্রার্থিত অবশিষ্ট তথ্য সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে অভিযোগকারীকে তার প্রার্থিত অবশিষ্ট তথ্য আদেশ প্রাপ্তির ২০ কার্যদিবসের মধ্যে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), লাকসাম, কুমিল্লা-কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার